

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(১২).১৭- ৬৭০

তারিখ: ১৪.১১.২০১৭ খ্রি.

বিষয়: চরকৈলাশ হাদিয়া ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) চরকৈলাশ হাদিয়া ফাজিল মাদরাসার স্মারক নং-হা/মা/নির্বাচন-০২/২০১৭

তারিখ: ২০.০৯.২০১৭ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, চরকৈলাশ হাদিয়াফাজিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাস্থ ১ম ব্যক্তি জনাব আনোয়ারুল আজিম বি.এ ডিগ্রীধারী একজন ব্যক্তি। তিনি (জনাব আনোয়ারুল আজিম) মাদরাসার ভবন নির্মাণ ও ফার্ণিচার তৈরিতে আর্থিক অনুদান প্রদান করেছেন, শিক্ষার্থী ভর্তিতে সার্বিক সহযোগিতা করে থাকেন এবং মাদরাসার উন্নয়নে বিভিন্ন বিষয়ে পরামর্শ করে থাকেন মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্তি পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব আনোয়ারুল আজিম) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব আনোয়ারুল আজিম) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, চরকৈলাশ হাদিয়া ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব আনোয়ারুল আজিম, পিতা: মরহুম-নূরুল হক, গ্রাম: তালুকদারগ্রাম, ডাক: চরঈশ্বর, উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।


(মো: আফাজ উদ্দীন)
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ

চরকৈলাশ হাদিয়া ফাজিল মাদরাসা ডাক: চরঈশ্বর, উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, চরকৈলাশ হাদিয়া ফাজিল মাদরাসা ডাক: চরঈশ্বর, উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী।

৪. জনাব আনোয়ারুল আজিম, পিতা: মরহুম-নূরুল হক, গ্রাম: তালুকদারগ্রাম, ডাক: চরঈশ্বর, উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী।

৫. অফিস কপি।